উপজেলা পরিষদ
পাথরঘাটা, বরগুনা।

## পাথরঘাটা উপজেলা পরিষদের ৫৫ তম মাসিক (নভেম্বর-২০২৩) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভা নম্বর | : | ৫৫/২০২৩ |
| সভার তারিখ ও সময় | : | ২৭.১১.২০২৩ সকাল ১১:০০ টা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভাপতি | : | জনাব মোস্তফা গোলাম কবির, চেয়ারম্যান, উপজেলা পরিষদ। |

(সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা-পরিশিষ্ট 'ক')

উপস্থিত সদস্যদের সাথে সালাম ও শুভেচ্ছা বিনিময় করে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও গীতাপাঠের মাধ্যমে সভা শুরু হয়। অতঃপর বিগত ০৫.১০.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচিত হয় এবং সে আলোকে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য সূচি / এজেন্ডা | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১. | পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ | পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত সম্পর্কিত আলোচনা করা হয়। | দৃঢ়ীকরণ করা হলো। |
| ০২. | গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | পূর্ববর্তী সভায় যেসকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল সেগুলো ৯৫% বাস্তবায়ন হয়েছে। বাকী ৫% এখনো বাস্তবায়ন হয়নি। | সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতি থাকতে হবে। |
| ০৩. | স্ট্যান্ডিং কমিটি হতে প্রাপ্ত সুপারিশমালার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ | স্ট্যান্ডিং কমিটি হতে কোন সুপারিশমালা না থাকায় এ বিষয়ে সিদ্ধান্ত কোন আলোচনা করা গেল না। | স্ট্যান্ডিং কমিটি হতে কোন সুপারিশমালা না পাওয়ায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৪. | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত সুপারিশ পর্যালোচনা | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক কোন সুপারিশ না থাকায় আলোচনা করা গেল না। | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক কোন সুপারিশমালা না পাওয়ায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৫. | নতুন কোন বিধি/আইন বা পরিবর্তিত কোন আইন পর্যালোচনা | নতুন কোনবিধি/আইন বা পরিবর্তিত কোন আইন না থাকায় আলোচনা করা গেল না। | নতুন কোন বিধি/আইন বা পরিবর্তিত কোন আইন না থাকায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৬. | উপজেলা পরিষদের আয়-ব্যয় পর্যালোচনা | আলোচনার কোন বিষয় উত্থাপিত হয়নি বা নেই। | কোন সিদ্ধান্ত নেই। |
| ০৭. | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি অফিসার, সভায় জানান যে, ঘুর্ণিঝড় মিধিলি'র প্রভাবে কৃষির কিছুটা ক্ষয়-ক্ষতি হয়েছে। তবে সামনে কোন প্রকার দুর্যোগ না হলে ব্যাপক কৃষি ফলন হবে মর্মে মতামত প্রকাশ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে আলোচনান্তে কৃষি ফসলের প্রতি সার্বিক নজরদারি করার জন্য উপজেলা কৃষি অফিসার, পাথরঘাটা'কে অনুরোধ জানান। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পরিষদ | ইউপি চেয়ারম্যান (সকল), সভায় জানান যে, দ্বাদশ জাতীয় নির্বাচন উপলক্ষে ইতোমধ্যে তফসিল প্রকাশ করা হয়েছে। সেমোতাবেক স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক সকল ইউনিয়ন পরিষদ হতে যাবতীয় রঙ্গিন পোস্টার, ব্যানার ও ফেস্টুন অপসারণ করা হচ্ছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে নির্বাচন কমিশন ও স্থানীয় মন্ত্রণালয় কর্তৃক সকল প্রকার নির্দেশনা প্রতিপালনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| ০২ | বিবিধঃ<br>(ক) উপজেলা পরিষদ, পাথরঘাটা'য় "সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর" নিয়োগ সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান যে, পাথরঘাটা উপজেলা পরিষদে দীর্ঘদিন "সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর" পদটি শুন্য থাকায় গত ১৫.০৬.২০২২ তারিখের ০৫.১০.০৪৮৫.০০৮.০২.০০১.২২-৬০১ নম্বর স্মারকে বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে নির্ধারিত তারিখের মধ্যে ১১ (এগারো) টি আবেদনপত্র পাওয়া যায়। উক্ত আবেদনসমূহ গত ১৯.১০.২০২৩ তারিখের যাচাই-বাছাই করা হয়। আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক ০৩ (তিন) টি আবেদনপত্র সঠিক পাওয়া যায়। সঠিক আবেদনকারীদের অনুকূলে গত ১৮.১১.২০২৩ তারিখ রোজঃ শনিবার লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হয়। সেমোতাবেক গত ১৮.১১.২০২৩ তারিখ রোজঃ শনিবার আবেদনকারীদের লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত পরীক্ষায় নিয়োগ কমিটি কর্তৃক যথাক্রমে জনাব সিরাজুম মুনীরা পিতা: মোজাম্মেল কাজী মাতা: ফাতিমা কাজী গ্রাম: হোগলাপাশা ডাকঘর: মুন্সির হাট(৮৭২০) উপজেলা: পাথরঘাটা জেলা: বরগুনা (প্রথম স্থান), জনাব দেবাশীষ কর্মকার পিতা: পরিমল চন্দ্র কর্মকার মাতা: পারুল কর্মকার গ্রাম: বদনীখালী ডাকঘর: বদনীখালী(৮৭৩০) উপজেলা: বেতাগী জেলা: বরগুনা (দ্বিতীয় স্থান) ও জনাব মোঃ শাকিল পিতা: আবুল কালাম আজাদ মাতা: মোসাঃ মিনারা বেগম গ্রাম: বাইনচটকী ডাকঘর: কাকচিড়া(৮৭২১) উপজেলা: পাথরঘাটা জেলা: বরগুনা (তৃতীয় স্থান) অধিকার করেন মর্মে ফলাফল শীট দাখিল করেন। এমতাবস্থায়, জনাব সিরাজুম মুনীরা পিতা: মোজাম্মেল কাজী মাতা: ফাতিমা কাজী গ্রাম: হোগলাপাশা ডাকঘর: মুন্সির হাট(৮৭২০) উপজেলা: পাথরঘাটা জেলা: বরগুনা প্রথম স্থান অধিকার করায় তাঁর অনুকূলে নিয়োগপত্র প্রদানের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে আলোচনান্তে পাথরঘাটা উপজেলা পরিষদে "সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর" পদে নিয়োগের লক্ষ্যে জনাব সিরাজুম মুনীরা পিতা: মোজাম্মেল কাজী মাতা: ফাতিমা কাজী গ্রাম: হোগলাপাশা ডাকঘর: মুন্সির হাট(৮৭২০) উপজেলা: পাথরঘাটা জেলা: বরগুনা'র অনুকূলে নিয়োগপত্র প্রদান এবং স্থানীয় সরকার মন্ত্রণালয় অবহিত করার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | (খ) উপজেলার ০৭ টি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে গ্রাম পুলিশ নিয়োগ সংক্রান্ত। | উপজেলা নির্বাহী অফিসার, সভায় জানান যে, এ উপজেলার ০৭ টি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে দীর্ঘদিন যাবত গ্রাম পুলিশ (মহল্লাদার) পদ শুন্য থাকায় ২৮.০৮.২০২৩ তারিখে ০৫.১০.০৪৮৫.০০৪.০৪.০০২.২৩-৪৭৭ নম্বর স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির আলোকে ২৪ টি শুন্য পদের বিপরীতে ১৫৬ টি আবেদনপত্র পাওয়া যায়। প্রাপ্ত আবেদনপত্রসমূহ গত ১৩.১১.২০২৩ তারিখ যাচাই-বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাই করা হয়। যাচাই-বাছাইপূর্বক ১১৫ টি আবেদনপত্র সঠিক পাওয়া যায়। সঠিক আবেদকারীদের অনুকূলে গত ২৪.১১.২০২৩ তারিখ পরীক্ষা গ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হলে শারীরিক পরীক্ষায় ৯০ জন অংশগ্রহণ করে। লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে সর্বোচ্চ প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারকারীদের প্রাক যাচাই প্রতিবেদনের জন্য অফিসার ইনচার্জ, পাথরঘাটা থানায় পত্র প্রেরণ করা হয়। অফিসার ইনচার্জ, পাথরঘাটা থানা কর্তৃক | এ বিষয়ে আলোচনান্তে অফিসার ইনচার্জ, পাথরঘাটা থানা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে বিরূপ মন্তব্য না থাকাকারীদের অনুকূলে জরুরী ভিত্তিতে নিয়োগপত্র প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| | দাখিলকৃত প্রতিবেদন প্রাপ্তির পর নিয়োগ কমিটি নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | |
| (গ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের ৫ম তলায় জয় সেট সেন্টার উদ্বোধন সংক্রান্ত। | উপজেলা প্রকৌশলী, সভায় জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের ৫ম তলায় ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় জয় স্মার্ট সার্ভিস এন্ড এমপ্লয়মেন্ট ট্রেনিং সেন্টার (জয় সেট সেন্টার) এর উদ্বোধন করা হয়েছে। উক্ত জয় সেট সেন্টার উদ্বোধন ব্যয় বাবদ ভ্যাট ও আয়করসহ ১০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করা প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে আলোচনান্তে জয় স্মার্ট সার্ভিস এন্ড এমপ্লয়মেন্ট ট্রেনিং সেন্টার (জয় সেট সেন্টার) এর উদ্বোধন ব্যয় বাবদ ভ্যাট ও আয়করসহ ১০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের নব নির্মিত বাস ভবনের বাউন্ডারী ওয়াল নির্মাণ সংক্রান্ত। | উপজেলা নির্বাহী অফিসার, সভায় জানান যে, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, পাথরঘাটা, বরগুনা'র ২৩.১০.২০২৩ তারিখের ৪৬.০২.০৪৮৫.০০০.১৬. ০০১.২২-৫৯২ নম্বর স্মারকের আলোকে ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা নির্বাহী অফিসারের নব নির্মিত বাস ভবনের বাউন্ডারী ওয়াল নির্মাণের লক্ষ্যে দক্ষিণ-পশ্চিম ৯,৯৯,৯৮৮/- টাকা এবং উত্তর-পূর্ব ৯,৯৮,৫০১/- টাকার পৃথক পৃথক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা নির্বাহী অফিসারের নব নির্মিত বাস ভবনের বাউন্ডারী ওয়াল নির্মাণের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী, পাথরঘাটা কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী এর ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সদয় অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| (ঙ) উপজেলা পরিষদ ক্যাম্পাসে বিদ্যুতের পোল মেরামত সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান যে, ডেপুটি জেনারেল ম্যানেজার (চঃদাঃ), পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, পাথরঘাটা জোনাল অফিস, পাথরঘাটা'র ০৬.০৪.২০২২ তারিখের ২৭.১২. ৭৯৫৮.৫৫৯.৩০.১০০.২০২২/৪০ নম্বর স্মারকে উপজেলা পরিষদ ক্যাম্পাসে লাইনের রুট পরিবর্তন বাবদ ১,১৮,৪০২/- টাকা ও ১৫% ভ্যাট বাবদ ১৭,৭৬০/- টাকা'র বিল দাখিল করেছেন (কপি সংযুক্ত)। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে আলোচনান্তে উপজেলা পরিষদ ক্যাম্পাসে লাইনের রুট পরিবর্তন বাবদ ১,১৮,৪০২/- টাকা ও ১৫% ভ্যাট বাবদ ১৭,৭৬০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| (চ) উপজেলা পরিষদের অফিস সরঞ্জাম ক্রয় খাতের ব্যবহার সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (চ) অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপ-২ শাখা'র ১০.০৫.২০০৩ তারিখের উপ-২/এম-১৭/২০০২/১৪২(৪৬৯) স্মারকের TO&E তে অন্তর্ভূক্ত অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থ বছরে বিধি মোতাবেক উপজেলা পরিষদের সিএ নিয়োগ হওয়ায় তাঁর অফিস ব্যবস্থাপনা পরিচালনার জন্য কম্পিউটার, ইউপিএস, প্রিন্টার, স্ক্যানার সংক্রান্ত মালামাল রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে ক্রয়পূর্বক অর্থ উত্তোলন করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (চ) অফিস সরঞ্জাম ক্রয় খাতে উপজেলা পরিষদের সিএ নিয়োগ হওয়ায় তাঁর অফিস ব্যবস্থাপনা পরিচালনার জন্য কম্পিউটার, ইউপিএস, প্রিন্টার, স্ক্যানার সংক্রান্ত মালামাল কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে ক্রয়ের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| (ছ) হরিণঘাটা বনবিথী ডাক বাংলোর জন্য ক্রোকারিজ ও শীতকালীন কম্বল ক্রয় সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, টুরিজ্যম এলাকা হরিণঘাটা বনবিথী ডাংলোয় পর্যাপ্ত পরিমাণে ক্রোকারিজ না থাকায় ভিআইপি অতিথির আগমণে আপ্যায়নে হিমশিম খেতে হয়। এছাড়া শীতকালীন কম্বল ক্রয় করা প্রয়োজন। এক্ষেত্রে জরুরী ভিত্তিতে হরিণঘাটা বনবিথী ডাংলোর জন্য ক্রোকারিজ ও শীতকালীন কম্বল ক্রয়ের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের হতে ২৪,০০০/- (চব্বিশ) টাকা উত্তোলনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে টুরিজ্যম এলাকা হরিণঘাটা বনবিথী ডাংলোর জন্য ক্রোকারিজ ও শীতকালীন কম্বল ক্রয়ের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের হতে ২৪,০০০/- (চব্বিশ) টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | (ঝ) উপজেলা পরিষদের স্টল বরাদ্দ সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, উপজেলা পরিষদের সামনে নির্মিতব্য স্টল বরাদ্দের আবেদনপত্রের আলোকে নিম্নশর্ত সাপেক্ষে বরাদ্দ প্রদান করা হবে মর্মে ডিসেম্বর/২০২২ মাসের মাসিক সভায় শর্তসাপেক্ষে বিজ্ঞপ্তির আলোকে ২০ টি স্টলের অনুকূলে জামানত হিসেবে ১,৫০,০০০/- টাকা করে সর্বমোট ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা সোনালী ব্যাংক হিসাব নম্বর-৪৩১৫৮০২০০১১৮০, পাথরঘাটা শাখায় জমা পাওয়া যায়। উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পাথরঘাটা ২৬.০২.২০২৩ তারিখে ২০ টি স্টল করণের জন্য ৩৩,০০,০০০/- (তেত্রিশ লক্ষ) টাকার প্রাক্কলন মোতাবেক ইতোমধ্যে স্টলের কাজ সমাপ্তি করা হয়েছে। ২০ টি স্টলের অনুকূলে জামানতের ৩০,০০,০০০/- টাকা অবশিষ্ট ৩,০০,০০০/- টাকা উপজেলা পরিষদ তহবিল হতে স্টল নির্মাণের বিল পরিশোধের লক্ষ্যে স্টলের ব্যাংক হিসেবে জমা দেয়ার প্রস্তাব করেন। যেহেতু ২০ টি স্টলের মধ্যে ১০ টি স্টলের ভাড়া বাবদ ১,৫০০/- করে মোট ১৫,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব খাতে জমা করা হবে। অবশিষ্ট ১০ টি স্টলের ভাড়া বাবদ ১,৫০০/- করে মোট ১৫,০০০/- টাকা উপজেলা প্রশাসন বিদ্যানিকেতন ব্যাংক হিসাবে জমা করা হবে। এতে করে উপজেলা পরিষদের রাজস্ব আদায় হবে এবং অপরদিকে উপজেলা প্রশাসন বিদ্যানিকেতনের শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের মাসিক সহায়তা প্রদানের ভূমিকা রাখবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/- টাকা স্টল বরাদ্দ বাবদ বিল পরিশোধের লক্ষ্যে স্টল সংক্রান্ত ব্যাংক হিসেবে জমা দানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোস্তফা গোলাম কবির)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
পাথরঘাটা, বরগুনা।

তারিখঃ ২৭.১১.২০২৩।

স্মারক নম্বর- উপ/পাথর/বর/২০২৩/৮১৬(৬০)

সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০ বরগুনা-২ ও উপদেষ্টা, পাথরঘাটা উপজেলা পরিষদ, বরগুনা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩১৫।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, ........................................................ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৬. জেলা প্রশাসক, বরগুনা।
১০. মেয়র, পাথরঘাটা পৌরসভা, জেলা: বরগুনা।
১১. ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
১২. উপজেলা ...........................................................................কর্মকর্তা, পাথরঘাটা, বরগুনা।
১৩. চেয়ারম্যান, .......................................................................ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
১৪. জনাব .......................................................................................।
১৫. অফিস নথি।

(মোঃ রোকুনজ্জামান খান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
পাথরঘাটা, বরগুনা।